মেহেরপুরে “বাড়ি মেহেরপুর” এর উদ্যোগে ঈদ উপহার বিতরণ

বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের পক্ষ থেকে অসহায় মানুষের মাঝে নিত্য প্রয়োজনীয় ঈদ উপহার সামগ্রী বিতরণের আয়োজন করা হয়।

৭ই এপ্রিল রবিবার পুরাতন বাসস্ট্যান্ড সংলগ্ন পোস্ট অফিস রোডে ফেসবুক ভিত্তিক সামাজিক গ্রুপ বাড়ি মেহেরপুরের প্রধান কার্যালয়ে প্রতিবছরের ন্যায় এবারও ১০০টি অসহায় পরিবারের মাঝে ঈদ উপহার সামগ্রী বিতরণে করা হয়।

বাড়ি মেহেরপুর গ্রুপের প্রতিষ্ঠাতা এডমিন আমেরিকান প্রবাসী এম এম নুরুজ্জামান বাবুর সার্বিক তত্ত্বাবধানে বাড়ি মেহেরপুর গ্রুপের এডমিন মোঃ রিনুর পরিচালনায় ঈদ উপহার সামগ্রী বিতরণের সময় উপস্থিত ছিলেন বাড়ি মেহেরপুর গ্রুপের এডমিন আসাদুজ্জামান খান রাজ।
বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের মডারেটর মিলি ইসলাম, নাসরিন বিনতে মেরাজ, এম এ মাবুদ।

বাড়ি মেহেরপুর গ্রুপের এডমিন মোঃ রিনু বলেন আমরা প্রতিবছরের মতো এ বছরেও অসহায় মানুষের মাঝে ঈদ উপহার সামগ্রী বিতরণ করছি। যারা আমাদেরকে সাহায্য করেছেন তাদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি ।

এ সময় তিনি আরো বলেন বাড়ি মেহেরপুর গ্রুপ একটি সম্পূর্ণ অরাজনৈতিক এখানে রাজনীতির কোন ছত্রছায়া নেই । বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের প্রধান যে কাজ চলমান রয়েছে তা হল প্রতিমাসে একটি অসহায় পরিবারের মাঝে নগদ ১০ হাজার টাকা প্রদান করা হয়। প্রতিমাসে যে কোন একটি মাদ্রাসায় (হিফয ও এতিমখানা) ৫০ কেজি চাল দেওয়া হয়। শীতের সময় আমরা মানবতার দেওয়াল দিয়ে থাকি যাতে শীতের কাপড়ের অভাবে কোন মানুষ কষ্ট না পায়।